

বিদেশ সফর পরবর্তী অভিজ্ঞতা বিনিময় সভা

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১২ নভেম্বর ২০১৭ বিকাল ০৮.০০ টায় মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে বিদেশ সফর পরবর্তী অভিজ্ঞতা বিনিময় বিষয়ক একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় গত ০৬-০৮ নভেম্বর থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত "Asia-Pacific Regional Preparatory Meeting for the Global Compact on Safe, Orderly and Regular Migration-এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (শ্রম বাজার গবেষণা সেল) বদরুল আরেফিন এবং "Asia-Pacific Regional Preparatory Meeting for the Global Compact on Safe, Orderly and Regular Migration and Workshop on Measuring the SDG Indicator 10.7.2 on Countries with Well-Managed Migration Policies"-এর উপর মন্ত্রণালয়ের যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) নাসরিন জাহান অংশগ্রহণ করেন। বিদেশ সফর শেষে দেশে ফিরে যুগ্মসচিবদ্বয় উক্ত কর্মশালার আলোচ্য বিষয়ের উপর মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার উপস্থিতিতে তাদের অভিজ্ঞতা বিনিময় করেন। সভায় যুগ্মসচিব (শ্রম বাজার গবেষণা সেল) বদরুল আরেফিন তার বিষয়ের উপরে আলোকপাত করেন। তিনি জানান থাইল্যান্ডে অনুষ্ঠিত কর্মশালায় উক্ত বিষয়ের উপরে বাংলাদেশের সুপারিশসমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিবেচনায় নিয়েছে। যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাসরিন জাহান এসডিজি'র বিষয়ের উপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। তিনি উপস্থাপনায় আমাদের মন্ত্রণালয়ের এসডিজি বিষয়ে কর্মপরিকল্পনা ও চ্যালেঞ্জসমূহ তুলে ধরেন। বিস্তারিত আলোচনা শেষে ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি বলেন, এসডিজি'র ১০.৭.২ এর আলোকে বাংলাদেশে অভিবাসনের ক্ষেত্রে পিছিয়ে পড়া ২৪ টি জেলা চিহ্নিতকরণ পূর্বক এসকল জেলা হতে বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে এ মন্ত্রণালয় হতে বেশ কিছু কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা এ মন্ত্রণালয়ের জন্য একটি উল্লেখযোগ্য অর্জন।